



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
wwwccb.gov.bd



২১ আগস্ট ২০২২
তারিখঃ ০৬ ভাদ্র ১৪২৯

প্রেস রিলিজ

আজ ২১ আগস্ট ২০২২ খ্রি (রবিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক “দেশের বাজারে মুরগী ও ডিমের মূল্য বৃদ্ধি” বিষয়ে পোলিট্রি শিল্পের অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়া সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম.সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ড. মোসাদেক হোসেন, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক জনাব জিনাত সুলতানা, জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব জনাব শেখ মুরাদ হোসেন, পিপলস পোত্রি এন্ড হ্যাচারী এর ম্যানেজিং ডিরেক্টর জনাব মোঃ মাহাবুবুর রহমান, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ এর জনাব মিতা রহমান ও জনাব মহিউদ্দিন আহমেদ, ডিম ব্যবসায়ী সমিতির জনাব মোঃ হারুনুর রশিদ, ডিম ব্যবসায়ী ও পোলিট্রি খামারী জনাব মোঃ কাদের খান, বাংলাদেশ পোলিট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল উপদেষ্টা জনাব মোঃ সাজাদ হোসাইন, বাংলাদেশ এগ্রো ফিড ইন্ট্রিডিয়েন্টস ইলেক্ট্রোস এন্ড ট্রেডার্স এসোসিয়েশন এর উপদেষ্টা জনাব জয়ন্ত কুমার দেব, ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের সাধারণ সম্মাদক মোহাম্মদ নজরুল ইসলাম, বিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি জনাব কাজী জাহিন হাসান, বাংলাদেশ পোলিট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের সাবেক যুগ্ম মহাসচিব জনাব খন্দকার মহসিন, এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় ব্রয়লার মুরগী ও ডিমের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির সাথে সাপ্লাই চেইনের কোনো পর্যায়ে কারসাজির হয়েছে কিনা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। ব্যবসায়ী মহলের পক্ষ থেকে উৎপাদন খরচ বৃদ্ধি, পরিবহন ও জালানী তেলের মূল্য বৃদ্ধি, ফিডের আমদানী খরচ বৃদ্ধি প্রভৃতি কারণ দর্শানো হয়। কমিশনের পক্ষ হতে পোল্ট্রি শিল্প প্রতিষ্ঠান সমূহ থেকে ডিম উৎপাদন এবং পোল্ট্রি খাদ্যের উপাদান আমদানী সম্পর্কিত তথ্য চাওয়া হয়। ব্রয়লার মুরগী ও ডিমের মূল্য বৃদ্ধিতে প্যারালাল প্রাইসিং এর প্রভাব কতটুকু প্রভাব সে ব্যাপারে আলোচনা করা হয়। সভাপতির বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম বর্তমান পরিস্থিতিতে ব্রয়লার মুরগী ও ডিমের বাজারে যে কোন ধরনের প্রতিযোগিতা পরিপন্থি কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

সভায় ব্যবসায়ী নেতৃবৃন্দ ডিমের বাজারে স্বস্থিদায়ক পরিস্থিতি বজায় রাখার প্রতিশুতি ব্যক্ত করেন।

স্বাক্ষরিত

(মোঃ আরিফুর রহমান)

সহকারী প্রোগ্রামার এবং জনসংযোগ কর্মকর্তা

মোবাইল নম্বর: +৮৮০১৮৩০১৮১৩৪১

ই-মেইল : ap@ccb.gov.bd